গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
www.sunamganj.gov.bd
(গোপনীয় শাখা)

স্মারক নং- তারিখঃ

হাওর এলাকায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্ষতিগ্রস্থ ডুবন্ত বাঁধ মেরামত কাজের জন্য স্কীম প্রস্তুত ও বাস্তবায়নের লক্ষ্যে কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী গঠিত জেলা কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ সাবিরুল ইসলাম<br>জেলা প্রশাসক, সুনামগঞ্জ। |
| সভার স্থান | ঃ | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, সুনামগঞ্জ। |
| তারিখ ও সময় | ঃ | ১৪ জানুয়ারী, সকাল ৯.৩০ টা ও ১৬ জানুয়ারী দুপুর ১২:০০ টা। |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট 'ক' তে দখানো হলো। |

১৪ জানুয়ারী সকাল ৯.৩০ ঘটিকার সময় অনুষ্ঠিত জেলা কমিটির ৫ম সভায় প্রথমে সভাপতি জেলা কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ইতোমধ্যে কাবিটা নীতিমালার আওতায় ২০১৭-২০১৮ অর্থ বছরের উন্নয়ন প্রকল্পের আওতায় এবং অনুন্নয়ন রাজস্ব খাতের আওতায় গৃহীত সকল স্কীমের আলোকে গঠিত পিআইসি সংখ্যা, জরিপ কাজের সর্বশেষ অগ্রগতি, প্রাককলন প্রস্তুতি এবং কাজ শুরু করা পিআইসির বিষয়ে সভায় তথ্য উপস্থাপনের জন্য জেলা কমিটির সদস্য সচিব ও নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধ জানান এবং এ বিষয়ে সকলের মতামত ও আলোচনার জন্য সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন।

নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড ও সদস্য-সচিব, জেলা কমিটি সকলকে ধন্যবাদ জানিয়ে উল্লিখিত বিষয়ে উপজেলা অনুযায়ী পর্যায়ক্রমে উপজেলা কমিটির সভাপতি ও সদস্য-সচিব হতে প্রাপ্ত হালনাগাদ তথ্যাদি সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, ইতোপূর্বে উপজেলা কমিটি হতে প্রদত্ত ১০৯৬টি স্কীম (উন্নয়ন-৩৭২টি, অনুন্নয়ন-৭২৪টি) জেলা কমিটিতে অনুমোদন করা হয়। যা হতে পরবর্তীতে ১৫৯টি স্কীম হাওরের বাইরে বিবেচনায় মহাপরিচাক, পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাদ দেয়া হয়। ইতোমধ্যে উন্নয়ন প্রকল্পের আওতায় ৩৪২টি পিআইসি এবং অনুন্নয়ন খাতে ৫২৮টি পিআইসি গঠিত হয়েছে। গঠিত পিআইসির মধ্যে উন্নয়ন প্রকল্পের আওতায় ১৭টি এবং অনুন্নয়ন খাতে ৩৫টি পিআইসির কাজ শুরু হয়েছে যা সংযুক্তি-ক, খ ও গ এ প্রদর্শিত হয়েছে।

সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসারগণ কাজ বাস্বায়নের ক্ষেত্রে তাদের সুনির্দিষ্ট মতামত সভায় উপস্থাপন করেন। তারা উল্লেখ করেন কাজ শুরুর ব্যাপারে অধিক সংখ্যক জনবলের পদায়নের বিষয়টি নিশ্চিত করা গেলে প্রাককলনসহ অন্যান্য আনুষাঙ্গিক কাজ সম্পাদন পূর্বক অতি দ্রুত হাওরের ডুবন্ত বাঁধ মেরামত কাজ সমাপ্ত করা সম্ভব। হাওরে অনেক স্থানে এখনও পানি থাকায় কাজের পরিবেশ সৃষ্টি না হওয়ায় কাজ বাস্তবায়ন শুরুর ক্ষেত্রে তা একটি বিরাট চ্যালেঞ্জ হিসেবে দেখা দিয়েছে।

সভাপতি এসকল চ্যালেঞ্জকে সামনে রেখে যাবতীয় প্রস্তুতি সমাপ্ত করে যাতে পানি নামার সাথে সাথেই সংশ্লিষ্ট স্থানে কাজ শুরু করা যায় তার জন্য উপজেলা কমিটির সকল সদস্যকে অনুরোধ জানান। তিনি আরোও জানান, আগামী ১৬-০১-২০১৮ খ্রিঃ তারিখে বেলা ১২.০০ ঘটিকায় পানি সম্পদ মন্ত্রনালয়ের সাথে টেলিকনফারেন্সের মাধ্যমে কাবিটা কার্যক্রমের উপর একটি সভা অনুষ্ঠিত হবে। সভায় সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানিয়ে তিনি সে সময় পর্যন্ত সভা মূলতবি করেন।

১৬-০১-২০১৮ খ্রিঃ তারিখে জেলা কমিটির বর্ধিত সভায় সভাপতি সকলকে স্বাগত জানান। তিনি সভায় উপস্থিত সকলকে জানান যে, অদ্য কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী সর্বশেষ অগ্রগতির বিষয়ে জেলা কমিটির সঙ্গে পানি সম্পদ মন্ত্রনালয়ের অতিরিক্ত সচিব মহোদয় ভিডিও কনফারেন্সে মিলিত হবেন। এ উদ্দেশ্যে জেলা কমিটির সকল সদস্যকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে তাদের বক্তব্য উপস্থাপনের জন্য সকলকে আমন্ত্রন জানান।

চলমান পাতা-২

ভিডিও কনফারেন্সে সুনামগঞ্জ জেলায় কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী কাজ বাস্তবায়নে উদ্ভূত সমস্যা ও সমস্যা সমাধানে করনীয় বিষয় সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। আলোচনাকালে মাঠ পর্যায়ে কাজ বাস্তবায়ন শুরু করার জন্য প্রাককলন প্রস্তুত, জনবল স্বল্পতা, বোর্ড কর্তৃক প্রাপ্ত অতিরিক্ত বরাদ্দ অনুযায়ী অর্থ ছাড়ের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। তাছাড়াও উপজেলা কমিটি হতে প্রাপ্ত স্কীমসমূহের মধ্যে যে সকল স্কীমসমূহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতাভুক্ত হাওরের বাহিরে সে সকল স্কীম সমূহ কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী বাস্তবায়নের বিষয়েও বিস্তারিত আলোচনা হয়।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত-১ ঃ মহাপরিচালক, পানি উন্নয়ন বোর্ড কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত তথা বরাদ্দকৃত স্কীম ৯৩৭টি (উন্নয়ন-৩৭২টি, অনুন্নয়ন-৫৬৫টি) স্কীম অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের লক্ষ্যে প্রাককলন প্রস্তুতি ও কাজের মনিটরিং এর জন্য প্রয়োজনীয় সংখ্যক উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা খন্ডকালীন সময়ের জন্য অতিদ্রুত পদায়নের বিষয়ে অনুরোধের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-২ ঃ কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী উন্নয়ন ও অনুন্নয়ন খাত মিলিয়ে গৃহীত ৯৩৭টি স্কীমের বাইরে পূর্বে প্রস্তাবিত ১৫৯টি স্কীমসমূহের কারিগরী দিক বিবেচনায় এনে সম্ভাব্যতা যাচাইয়ের লক্ষ্যে বোর্ড কর্তৃক একটি কারিগরি কমিটি নিয়োগের বিষয়ে অনুরোধের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৩ ঃ উপজেলা কমিটিরি প্রস্তুতকৃত প্রাককলন অনুমোদন যাতে অতি দ্রুত হয় সে বিষয়ে জেলা কমিটির সভাপতি জেলা প্রশাসক ও সদস্য-সচিব, নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড তাৎক্ষনিক ব্যবস্থা গ্রহণ পূর্বক পরবর্তীতে জেলা কমিটির সভায় ভূতাপেক্ষিক অনুমোদন দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় যাতে করে স্কীমসমূহ অতিদ্রুত বাস্তবায়ন করা যায়।

সিদ্ধান্ত-৪ ঃ উপজেলা কমিটি হতে প্রেরিত স্কীমের আলোকে বোর্ড কর্তৃক প্রদত্ত অতিরিক্ত বরাদ্দ দ্রুত ছাড়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া উন্নয়ন প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের Assessment পূর্বক চূড়ান্ত চাহিদার প্রেক্ষিতে অতিরিক্ত বরাদ্দ প্রদানের বিষয়ে অনুরোধের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৫ ঃ কাবিটার কাজ দ্রুত ও সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও মনিটরিং এর জন্য প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক প্রদানের জন্য অনুরোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৬ ঃ বর্তমান অর্থ বছরের অনুন্নয়ন রাজস্ব খাতের আওতায় অনুমোদিত স্কীম অনুযায়ী অতিরিক্ত কাজের ২১০.০০ কিমি দৈর্ঘ্যে সার্ভে কাজ সম্পাদনের বিষয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

২৬/০১/১৮

(মোঃ আবু বকর সিদ্দিক ভূঁইয়া)
নির্বাহী প্রকৌশলী
সুনামগঞ্জ পওর বিভাগ-১
বাপাউবো, সুনামগঞ্জ
এবং
সদস্য-সচিব
জেলা কমিটি।

(মোঃ সাবিরুল ইসলাম)
জেলা প্রশাসক,
সুনামগঞ্জ
এবং
সভাপতি
জেলা কমিটি।

তারিখঃ-১৬/০১/২০১৮

স্মারক নং-০৫.৪৬.৯০০০.০০১.১৪.০০২.১৮.২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ ............................ (সকল) ।
২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা ।
৪. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৫. কমিশনার, সিলেট/ময়মনসিংহ/ঢাকা বিভাগ, সিলেট/ময়মনসিংহ/ঢাকা ।
৬. মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা ।
৭. মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২-গ্রীণরোড, ঢাকা-১২১৫ ।
৮. প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, পানি উন্নয়ন বোর্ড, শাহী ঈদগাহ, সিলেট ।
৯. প্রধান প্রকৌশলী, কাজের বিনিময়ে টাকা, পানি উন্নয়ন বোর্ড, ঢাকা ।
১০. পরিচালক, পরিচালন ও রক্ষনাবেক্ষন পরিদপ্তর, পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন (৭ম তলা), মতিঝিল, ঢাকা ।
১১. একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
১২. পুলিশ সুপার, সুনামগঞ্জ ।
১৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট পওর সার্কেল, পানি উন্নয়ন বোর্ড, শাহী ঈদগাহ, সিলেট ।
১৪. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুনামগঞ্জ ।
১৫. জেলা মৎস কর্মকর্তা, সুনামগঞ্জ ।
১৬. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সুনামগঞ্জ ।
১৭. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও তথ্যপ্রযুক্তি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ ।
১৮. উপজেলা পরিষদ চেয়ারম্যান ........................................ (সকল) উপজেলা পরিষদ, সুনামগঞ্জ ।
১৯. উপজেলা নির্বাহী অফিসার, ........................................ (সকল), সুনামগঞ্জ ।
২০. জেলা ত্রান ও পূর্ণবাসন কর্মকর্তা, সুনামগঞ্জ ।
২১. জনাব মোঃ নুরুর রব চৌধুরী, ২৬ উপত্যকা, হাছন নগর, সুনামগঞ্জ ।
২২. জনাব বিন্দু তালুকদার, জেলা প্রতিনিধি, দৈনিক আমাদের সময়, সুনামগঞ্জ ।
২৩. জনাব মোঃ মনিরুজ্জামান, ব্র্যাক, সুনামগঞ্জ ।
২৪. অফিস নথি ।

১৬/০১/১৮

(মোঃ আবু বকর সিদ্দিক ভূইয়া)
নির্বাহী প্রকৌশলী
সুনামগঞ্জ পওর বিভাগ-১
বাপাউবো, সুনামগঞ্জ
ও
সদস্য-সচিব
জেলা কমিটি ।

সংযুক্তি-ক

## সুনামগঞ্জ পওর বিভাগ-১ ও ২ এর আওতাধীন হাওরসমূহে হাওর এলাকায় আগাম বন্যা প্রতিরোধ ও নিষ্কাশন উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় কাবিটার মাধ্যমে বাস্তবায়িতব্য কাজের সম্ভাব্য পিআইসি সংখ্যা, গঠিত পিআইসি সংখ্যা, দৈর্ঘ্য ও বরাদ্দের বিবরণঃ

| ক্রমিক নং | উপজেলার নাম | পিআইসি সংখ্যা | | মোট দৈর্ঘ্য (কিমি) | বরাদ্দ (লক্ষ টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | সম্ভাব্য পিআইসি সংখ্যা (যা জেলা কমিটি কর্তৃক অনুমোদিত) | গঠিত পিআইসির সংখ্যা | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সুনামগঞ্জ পওর বিভাগ-১ | | | | | | |
| ১। | সুনামগঞ্জ সদর | ৪ | ৫ | ৪০.১৯০ | ২৪.২৪ | |
| ২। | বিশ্বম্ভরপুর | ১১ | ১৫ | ৬১.৩৮৭ | ১৪৩.৫৯ | |
| ৩। | জামালগঞ্জ | ২১ | ২৩ | ১২১.৭৩০ | ২৩৭.১৯ | |
| ৪। | তাহিরপুর | ৩৩ | ২৪ | ৭১.১৬১ | ২৭৪.২০ | |
| ৫। | ধর্মপাশা | ৭২ | ৭২ | ১৬২.৩২৫ | ৭৮৩.৮৯ | |
| *মোট(সুনামগঞ্জ পওর বিভাগ-১)* | | ১৪১ | ১৩৯ | ৪৫৬.৭৯৩ | ১৪৬৩.১১ | |
| সুনামগঞ্জ পওর বিভাগ-২ | | | | | | |
| ১। | শাল্লা | ৮৪ | ৮৪ | ১৩৫.২৭৫ | ৪৫৪.৫৪ | |
| ২। | দক্ষিণ সুনামগঞ্জ | ৩২ | ৩৬ | ৯৭.৩৮০ | ২৫২.০৬ | |
| ৩। | দোয়ারাবাজার | ৩২ | ১৬ | ৭৪.৩৫০ | ২৪৯.৬৬ | |
| ৪। | জগন্নাথপুর | ৩৪ | ১৯ | ৪৮.৯১৫ | ২৬৯.৫৫ | |
| ৫। | দিরাই | ৪০ | ৪২ | ১৮৫.০৫৩ | ৪০৪.১৫ | |
| ৬। | ছাতক | ৯ | ৬ | ১৫.৭৯০ | ৫৯.২৮ | |
| *মোট(সুনামগঞ্জ পওর বিভাগ-২)* | | ২৩১ | ২০৩ | ৫৫৬.৭৬৩ | ১৬৮৯.২৪ | |
| *সর্বমোট(সুনামগঞ্জ পওর বিভাগ-১ ও ২)* | | ৩৭২ | ৩৪২ | ১০১৩.৫৫৬ | ৩১৫২.৩৫ | |

২৬/০৩/১৮

(মোঃ আবু বকর সিদ্দিক ভূঁইয়া)
নির্বাহী প্রকৌশলী
সুনামগঞ্জ পওর বিভাগ-১
বাপাউবো, সুনামগঞ্জ
ও
সদস্য-সচিব
কাবিটা বাস্তবায়ন ও মনিটরিং জেলা কমিটি।

সংযুক্তি-গ

## সুনামগঞ্জ পওর বিভাগ-১ ও ২ এর আওতাধীন কাবিটার মাধ্যমে বাস্তবায়িতব্য কাজের অনুকূলে গঠিত পিআইসির কাজ শুরুর তথ্যাদি।

তারিখঃ ১৪/০১/১৮ পর্যন্ত।

| ক্রমিক নং | উপজেলার নাম | উন্নয়ন | | অনুন্নয়ন | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | গঠিত পিআইসির সংখ্যা | কাজ শুরু করা পিআইসির সংখ্যা | গঠিত পিআইসির সংখ্যা | কাজ শুরু করা পিআইসির সংখ্যা | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সুনামগঞ্জ পওর বিভাগ-১ | | | | | | |
| ১। | সুনামগঞ্জ সদর | ৫ | ০ | ৪৩ | ৫ | |
| ২। | বিশ্বম্ভরপুর | ১৫ | ১ | ২০ | ২ | |
| ৩। | জামালগঞ্জ | ২৩ | ৪ | ৪৭ | ৪ | |
| ৪। | তাহিরপুর | ২৪ | ০ | ৩৮ | ৫ | |
| ৫। | ধর্মপাশা | ৭২ | ৮ | ১০৭ | ৭ | |
| | মোট(সুনামগঞ্জ পওর বিভাগ-১) | ১৩৯ | ১৩ | ২৫৫ | ২৩ | |
| সুনামগঞ্জ পওর বিভাগ-২ | | | | | | |
| ১। | শাল্লা | ৮৪ | ০ | ৫৭ | ৪ | |
| ২। | দক্ষিণ সুনামগঞ্জ | ৩৬ | ০ | ২৪ | ০ | |
| ৩। | দোয়ারাবাজার | ১৬ | ০ | ২৭ | ০ | |
| ৪। | জগন্নাথপুর | ১৯ | ৪ | ৮৬ | ৪ | |
| ৫। | দিরাই | ৪২ | ০ | ৭১ | ৪ | |
| ৬। | ছাতক | ৬ | ০ | ৮ | ০ | |
| | মোট(সুনামগঞ্জ পওর বিভাগ-২) | ২০৩ | ৪ | ২৭৩ | ১২ | |
| | সর্বমোট(সুনামগঞ্জ পওর বিভাগ-১ ও ২) | ৩৪২ | ১৭ | ৫২৮ | ৩৫ | |

১৫/০১/১৮

স

## সুনামগঞ্জ পওর বিভাগ-১ ও ২ এর আওতাধীন হাওরসমূহে কাবিটার আওতায় (অনুন্নয়ন রাজস্ব বাজেট অর্থ কোড-৫৯৭৪) অনুমোদিত স্কীমের সংখ্যা, গঠিত পিআইসি সংখ্যা, দৈর্ঘ্য ও
## বরাদ্দের বিস্তারিত বিবরণঃ

| ক্রমিক নং | উপজেলার নাম | উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত | বোর্ড কর্তৃক বাতিলকৃত স্কীমর সংখ্যা | মোট (বোর্ডের আলোকে) | উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত স্কীমসমূহ ভেঙ্গে ছোট আকারে সুপারিশকৃত | সুপারিশ করা স্কীমের মধ্যে বাতিলকৃত | সুপারিশকৃত মোট (বোর্ডের আলোকে) | গঠিত পিআইসির সংখ্যা | মোট দৈর্ঘ্য (কিমি) | | | প্রস্তাবিত চাহিদা (লক্ষ টাকা) | বোর্ড বরাদ্দ (লক্ষ টাকা) | | ১৩ -১৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | উপজেলা কমিটির স্কীম অনুযায়ী | বাতিলকৃত (বোর্ডের আলোকে) | মোট (বোর্ডের আলোকে) | | প্রাথমিক | সংশোধিত | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **সুনামগঞ্জ পওর বিভাগ-১** | | | | | | | | | | | | | | | |
| ১। | সুনামগঞ্জ সদর | ২৬ | ০ | ২৬ | ৪৯ | ০ | ৪৯ | ৪৩ | ৩৩.৬৮৬ | ০.০০০ | ৩৩.৬৮৬ | ৫৩৮.৩৫ | ১০৮.০০ | ৫৩৮.৩৫ | ০.০০ |
| ২। | বিশ্বম্ভরপুর | ৭ | ১ | ৬ | ২৭ | ৪ | ২৩ | ২০ | ১৯.৮৪৮ | ২.৫০০ | ১৭.৩৪৮ | ৪২৮.২৯ | ১৪৩.০০ | ৩৬৩.৫২ | ৬৪.৭৭ |
| ৩। | জামালগঞ্জ | ৪৪ | ০ | ৪৪ | ১১৪ | ০ | ১১৪ | ৪৭ | ৪০.৪৭০ | ০.০০০ | ৪০.৪৭ | ১০২৭.৮২ | ২২২.০০ | ১০২৭.৭৭ | ০.০৫ |
| ৪। | তাহিরপুর | ৩১ | ০ | ৩১ | ৭৮ | ০ | ৭৮ | ৩৮ | ৫৬.০৫৯ | ০.০০০ | ৫৬.০৫৯ | ৮৩১.৭৫ | ২৭৫.০০ | ৮৩১.৭৫ | ০.০০ |
| ৫। | ধর্মপাশা | ৪৪ | ২৩ | ২১ | ১১২ | ৪৪ | ৬৮ | ১০৭ | ৫৫.৪৫৩ | ৩৬.০২৫ | ১৯.৪২৮ | ১১৭৭.০০ | ৪৯১.৫২ | ৬৫৮.০০ | ৫১৯.০০ |
| | মোট(সুনামগঞ্জ পওর বিভাগ-১) | **১৫২** | **২৪** | **১২৮** | **৩৮০** | **৪৮** | **৩৩২** | **২৫৫** | **২০৫.৫১৬** | **৩৮.৫২৫** | **১৬৬.৯৯১** | **৪০০৩.২১** | **১২৩৯.৫২** | **৩৪১৯.৩৯** | **৫৮৩.৮২** |
| **সুনামগঞ্জ পওর বিভাগ-২** | | | | | | | | | | | | | | | |
| ১। | শাল্লা | ৭২ | ১৮ | ৫৪ | ৭২ | ১৮ | ৫৪ | ৫৭ | ২৫.২৯৫ | ৮.৮৫ | ১৬.৪৪৫ | ৭৬১.২০ | ৩৯৭.৫০ | ৬০৯.২০ | ১৫২.০০ |
| ২। | দক্ষিণ সুনামগঞ্জ | ৪১ | ২১ | ২০ | ৪৫ | ২১ | ২৪ | ২৪ | ১৬.৪৩০ | ১২.৮০০ | ৩.৬৩ | ৫৬৪.৮০ | ১৮৮.০০ | ৩৭৪.৮০ | ১৯০.০০ |
| ৩। | দোয়ারাবাজার | ৪৭ | ৩৩ | ১৪ | ৪৭ | ৩৩ | ১৪ | ২৭ | ৭৬.৩৫০ | ৪৯.১৯০ | ২৭.১৬ | ৮৭৩.৪৫ | ১৩৭.০০ | ৩৩৭.৪৫ | ৫৩৬.০০ |
| ৪। | জগন্নাথপুর | ৭৮ | ১৩ | ৬৫ | ৭৮ | ১৩ | ৬৫ | ৮৬ | ৫৪.৭৩৯ | ১৪.৬৩২ | ৪০.১০৭ | ১৫৯১.০৪ | ২৯৯.০০ | ১০২০.২৯ | ৫৭০.৭৫ |
| ৫। | দিরাই | ৭১ | ২ | ৬৯ | ৭১ | ২ | ৬৯ | ৭১ | ৫০.৭৫০ | ১.৯০০ | ৪৮.৮৫ | ১০৩১.৪০ | ৬০১.৫০ | ৯৯১.৬৫ | ৩৯.৭৫ |
| ৬। | ছাতক | ৩১ | ২৪ | ৭ | ৩১ | ২৪ | ৭ | ৮ | ২৮.৭০৩ | ২১.০৫ | ৭.৬৫৩ | ৩০৭.০০ | ২৬.০০ | ১০১.৮৫ | ২০৫.১৫ |
| | মোট(সুনামগঞ্জ পওর বিভাগ-১) | **৩৪০** | **১১১** | **২২৯** | **৩৪৪** | **১১১** | **২৩৩** | **২৭৩** | **২৫২.২৬৭** | **১০৮.৪২২** | **১৪৩.৮৪৫** | **৫১২৮.৮৯** | **১৬৪৯.০০** | **৩৪৩৫.২৪** | **১৬৯৩.৬৫** |
| | সর্বমোট(সুনামগঞ্জ পওর বিভাগ-১ ও ২) | **৪৯২** | **১৩৫** | **৩৫৭** | **৭২৪** | **১৫৯** | **৫৬৫** | **৫২৮** | **৪৫৭.৭৮৩** | **১৪৬.৯৪৭** | **৩১০.৮৩৬** | **৯১৩২.১০** | **২৮৮৮.৫২** | **৬৮৫৪.৬৩** | **২২৭৭.৪৭** |

(মোঃ আবু বকর সিদ্দিক ভূঁইয়া)
নির্বাহী প্রকৌশলী
সুনামগঞ্জ পওর বিভাগ-১
বাপাউবো, সুনামগঞ্জ ও
সদস্য-সচিব
কাবিটা বাস্তবায়ন ও মনিটরিং জেলা কমিটি।

সভাপতি এসকল চ্যালেঞ্জকে সামনে রেখে যাবতীয় প্রস্তুতি সমাপ্ত করে যাতে পানি নামার সাথে সাথেই সংশ্লিষ্ট স্থানে কাজ শুরু